# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

---

২. ৪. ঈমান বির রুসুল: রাসূলগণে বিশ্বাস - ২. ৪. ১. নবী ও রাসূল

ঈমানের অন্যতম বিষয় আল্লাহর রাসূলগণে বিশ্বাস করা। মানুষের প্রতি মহান স্রষ্টার করুণা অসীম। তিনি তাকে তার দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় শক্তি ও গুণাবলী দান করা ছাড়াও তাকে মঙ্গলের পথ প্রদর্শনের জন্য যুগে যুগে বিভিন্ন সমাজের মধ্যে থেকে বিভিন্ন মানুষকে বেছে নিয়ে তাঁদের কাছে ওহীর মাধ্যমে সঠিক পথের সন্ধান দান করেছেন। আল্লাহর মনোনীত এসকল মানুষকে ইসলামের পরিভাষায় নবী বা রাসূল বলা হয়। ‘নবী’ (النبيّ) অর্থ সংবাদদাতা এবং রাসূল (الرسول) অর্থ প্রেরিত বা দূত। আল্লাহর পক্ষ থেকে ওহী লাভ করে যারা মানুষদেরকে আল্লাহর পথের নির্দেশনা দেন তাঁদেরকে নবী ও রাসূল বলা হয়।

অর্থের দিক থেকে দুটি শব্দ প্রায় সমার্থক। শব্দদ্বয়ের মধ্যে শরীয়তের পরিভাষায় কোনো পার্থক্য আছে কি না সে বিষয়ে কুরআন বা হাদীসে কোনো স্পষ্ট নির্দেশনা নেই। আলিমগণ কুরআন ও হাদীসের প্রাসঙ্গিক নির্দেশনার আলোকে ইজতিহাদ ও মতভেদ করেছেন। এ প্রসঙ্গে মোল্লা আলী কারী (রাহ) বলেন:

اَلرَّسُوْلُ مَنْ أُمِرَ بِالتَّبْلِيْغِ، وَالنَّبِيُّ مَنْ أُوْحِي إِلَيْهِ، أَعَمُّ مِنْ أَنْ يُؤمَرَ بِالتَّبْلِيْغِ أَمْ لاَ. قَالَ الْقَاضِيْ عِيَاضٌ: وَالصَّحِيْحُ الَّذِيْ عَلَيْهِ الْجُمْهُوْرُ أَنَّ كُلَّ رَسُوْلٍ نَبِيٌّ مِنْ غَيْرِ عَكْسٍ. وَهُوَ أَقْرَبُ مِنْ نَقْلِ غَيْرِهِ الإِجْمَاعَ عَلَيْهِ، لِنَقْلِ غَيْرِ وَاحِدٍ الْخِلاَفَ فِيْهِ، فَقِيْلَ: النَّبِيُّ مُخْتَصٌّ بِمَنْ لاَ يُؤْمَرُ، وَقِيْلَ هُمَا مُتَرَادِفَانِ، وَاخْتَارَهُ ابْنُ الْهُمَامِ، وَالأَظْهَرُ أَنَّهُمَا مُتَغَايِرَانِ...

‘‘যাকে প্রচারের নির্দেশ দেওয়া হয়েছে তিনি রাসূল। আর যাকে ওহী দেওয়া হয়েছে তিনিই নবী, তাঁকে প্রচারের নির্দেশ দেওয়া হোক বা না হোক। কাযি ইয়ায বলেন: অধিকাংশ আলিম একমত যে, সকল রাসূলই নবী, তবে সকল নবীই রাসূল নন। কেউ কেউ উল্লেখ করেছেন যে, আলিমগণ এ বিষয়ে ইজমা বা ঐকমত্য পোষণ করেছেন। কাযি ইয়াযের বর্ণনাটিই সঠিক, অর্থাৎ এ বিষয়ে সকল আলিম একমত পোষণ করেননি, বরং অধিকাংশ আলিম একমত পোষণ করেছেন। কারণ একাধিক আলিম এ বিষয়ে মতভেদ উল্লেখ করেছেন। কেউ বলেছেন, যাকে প্রচারের নির্দেশ দেওয়া হয় নি তাঁকেই শুধু নবী বলা হয়। কেউ বলেছেন: নবী ও রাসূল দুটি একার্থবোধক শব্দ; উভয়ের মধ্যে কোনো পার্থক্য নেই। ইবনুল হুমাম এ মতটি গ্রহণ করেছেন। সঠিকতর মত যে, উভয় পরিভাষার মধ্যে পার্থক্য আছে...।’’[1]

এভাবে আমরা দেখছি যে, আল্লাহর পক্ষ থেকে ওহী প্রাপ্ত প্রত্যেক মানুষকেই নবী বলা হয়। যদি কোনো ওহী-প্রাপ্ত মানুষকে আল্লাহ নতুন বিধান দান করেন ও তা প্রচারের নির্দেশ দান করেন তবে তাঁকে রাসূল বলা হয়। আর যদি তাঁকে শুধু ওহীর মাধ্যমে, আল্লাহর বাণী দান করা হয়, নতুন কোনো বিধান প্রচারের দায়িত্ব দেওয়া না হয় তবে তিনি রাসূল নন, কেবল নবী বলে আখ্যায়িত হন।

## ফুটনোট

[1] মোল্লা আলী ক্বারী, শারহুল ফিকহিল আকবার, পৃ. ১০৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7097

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন